

**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**



**পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)  
৩৭/০৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।  
www.pallisanchaybank.gov.bd

**শৃঙ্খলা ও আপিল বিভাগ**

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৪৩২)/২০২২-২৩(২০২৫-২৬)/১৫৩৮

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২৬

**পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীনে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৫৮/২০২৩-২৪ এর**

**কর্মী সংক্রান্ত ঘোষণা**

যেহেতু আপনি জনাব গোপাল চন্দ্র সরকার (বি-১৩৮), সিনিয়র অফিসার, শাখা ব্যবস্থাপক, কামারখন্দ শাখা, সিরাজগঞ্জ; ইতঃপূর্বে কালিহাতি শাখা, টাঙ্গাইল-এ শাখা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক) ও (খ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণমূলক অপরাধের দায়ে বিভাগীয় মামলা নম্বর: ৫৮/২০২৩-২৪ রুজুপূর্বক অত্র বিভাগের ০৭/১১/২০২৩ তারিখের পসব্য/প্রকা/প্রশা-২২(৪৩২)/২০২২-২৩(২০২৩-২৪)/১০৭৮ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি উক্ত অভিযোগনামার জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তবোর্ড নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করা হয়। অতঃপর সার্বিক বিষয়াদি বিচার-বিপ্লেষণ করে আপনি জনাব গোপাল চন্দ্র সরকার (বি-১৩৮) কর্তৃপক্ষ আপনাকে দায়িত্বপালনে অবহেলা ও অসদাচরণমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করত তিরস্কার দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু আপনি জনাব গোপাল চন্দ্র সরকার (বি-১৩৮) কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (ক) (অ) প্রবিধি মোতাবেক তিরস্কার দণ্ডের আদেশ দিলেন।

এছাড়াও আপনাকে ৩০০ টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঞ্জীকারনামা প্রদান করতে হবে যে, আপনি ভবিষ্যতে দায়িত্ব পালনে আরও সচেতন থাকবেন এবং ভবিষ্যতে দায়িত্ব পালনে কোনরূপ অবহেলার কারণে ব্যাংক আর্থিক বা প্রতিষ্ঠানিকভাবে ক্ষতিগ্রস্ত হলে এবং তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে যেকোন বিধিসম্মত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করলে এতে আপনার কোনো আপত্তি থাকবে না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

  
(এলিজা জামান সুপ্তি)  
সহকারী মহাব্যবস্থাপক


জনাব গোপাল চন্দ্র সরকার (বি-১৩৮)  
সিনিয়র অফিসার,  
পল্লী সঞ্চয় ব্যাংক, কামারখন্দ শাখা, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৪৩২)/২০২২-২৩(২০২৫-২৬)/১৫৩৮

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
- ০৫। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ- ঢাকা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, সিরাজগঞ্জ। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব গোপাল চন্দ্র সরকার (বি-১৩৮), সিনিয়র অফিসার ও শাখা ব্যবস্থাপক - এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক [faruk@pallisanchaybank.gov.bd](mailto:faruk@pallisanchaybank.gov.bd) ই-মেইলে এবং কুরিয়ারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।
- ০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কালিহাতি শাখা, টাঙ্গাইল।
- ০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি।

  
(মোঃ মাসুদ হাসান)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

